

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৭২

১/ বিবিধ

আরবী

من حديث عنى حديثا هو لله رضي، فأنا قلته، وبه أرسلت
موضوع

رواه ابن عدي (41/1) عن البخاري بن عبيد: حدثنا أبي: حدثنا أبي هريرة
مرفوعا. وقال

"البخاري روی عن أبيه عن أبي هريرة عن النبي صلی الله عليه وسلم قدر عشرين
حديثا عامتها مناكير

ثم ذكر له ثلاثة منها، هذا أحدها
قلت: وقال أبو نعيم الأصبهاني
"روی عن أبي هريرة موضوعات

وكذا قال الحاكم والنقاش كما سبق في "سيكون أناس
ولا شك عندي أن هذا الحديث من موضوعاته، لأن فيه الإغراء على افتراء الأحاديث
على النبي صلی الله عليه وسلم أو على الأقل جواز روايتها ونسبتها إليه إذا كان
معناها مما يرضي الله عز وجل! ولعل البخاري هذا كان من أولئك الذين يستحلون
الكذب على رسول الله صلی الله عليه وسلم تقربا إلى الله بزعمهم ويقولون: نحن
لا نكذب على رسول الله صلی الله عليه وسلم وإنما نكذب له! كما قال بعض
الكرامية! ومن هذا القبيل ما يأتي

১১৭২। যে ব্যক্তি আমার উদ্ধৃতিতে কোন হাদীস আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে বর্ণনা করবে, আমি সে হাদীস বলেছি এবং তা দিয়েই আমাকে প্রেরণ করা হয়েছে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (১/৮১) বাখতার ইবনু ওবায়েদ হতে, তিনি তার পিতা (ওবায়েদ) হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ বাখতারী তার পিতার উদ্ধৃতিতে আবু হুরায়রা (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে আনুমানিক ২০টি হাদীস বর্ণনা করেছেন সেগুলো মুনকার। অতঃপর তিনি তার তিনটি হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

আমি (আলবানী) বলছিঃ আবু নুয়াইম আসবাহানী বলেনঃ তিনি আবু হুরাইরাহ (রাঃ)-এর উদ্ধৃতিতে কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেছেন।

অনুরূপ কথা হাকিম ও নাকাশও বলেছেন।

আমার নিকট এ হাদীসটি বানোয়াট হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই। কারণ এ হাদীসের মধ্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উদ্ধৃতিতে হাদীস বানাতে উৎসাহিত করা হয়েছে। কমপক্ষে তার উদ্ধৃতিতে হাদীস বর্ণনা করাকে জায়েয আখ্যা দেয়া হয়েছে যদি হাদীসের ভাবার্থ আল্লাহকে সন্তুষ্ট করে। সম্ভবত এ বাখতারী সেই সব লোকদের অন্তর্ভুক্ত ছিলেন যারা তাদের ধারণায আল্লাহর নৈকট্য লাভের আশায রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি মিথ্যারোপ করাকে বৈধ মনে করতো। তারা বলতো যে, আমরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি মিথ্যারোপ করছি না বরং আমরা তার জন্য মিথ্যা বলছি। যেমনটি কাররামিয়াহ সম্প্রদায়ের কেউ কেউ একুপ কথা বলেছেন। নিম্নে একুপ আরেকটি হাদীস উল্লেখ করা হয়েছে। (দেখুন পরের হাদিস)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরাক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72051>

৫ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন